

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.০১.০০.০০৪.২০১৫.১৫৯

তারিখ : ২৮/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ এবং মূল আবেদনপত্রের ফরম (BPS Form -3) পূরণ ও জমা দান প্রসঙ্গে।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ২৬/১১/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২য় শ্রেণীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়ের “পরিদর্শক” পদের লিখিত পরীক্ষা যেহেতু একই দিনে একই প্রশ্নে গ্রহণ করা হয়েছে সেহেতু “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী (রেজিঃ নম্বর ০০১৮৭৮) কে “পরিদর্শক” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ (রেজিঃ নম্বর-৩০৮৫১৩) মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। পরিদর্শক পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ (রেজিঃ নম্বর-৩০৮৫১৩) প্রার্থীকে আগামী ২০/০৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে মূল আবেদনপত্রের ফরম (BPS Form-৩) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার /অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে কমিশন সচিবালয়ে জমা প্রদান করতে হবে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। হাতে হাতে জমা দানকালে প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্র ডাকযোগে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ের ঠিকানায় পরিচালক, ইউনিট-৬ বরাবর প্রেরণ করা যাবে।

২। কমিশন সচিবালয়ের ১৬/০৮/২০১৬ তারিখের ১৫৪ নং স্মারকে প্রকাশিত সংশোধনী বিজ্ঞপ্তির নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

নং- ৮০.১০৬.০১১.০১.০০.০০৪.২০১৫.১৫৯/১৫৯

তারিখ : ২৮/০৮/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

- ১) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪) পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫) পরিচালক (সকল)/উপ সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/ বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৮) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯) উপ-পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ১০) বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্যের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
- ১১) অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ১২) কমিশনের Website: www.bpsc.gov.bd।
- ১৩) অফিস কপি/মাস্টার কপি

(মাহমুদা খানম)
পরিচালক (যুগ্ম সচিব)(ইউনিট-৬)